



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
সিলেট।



ফোন: ০২৯৯৬৬৩৫৬১৭

E-mail: [sylhetdeo2008@yahoo.com](mailto:sylhetdeo2008@yahoo.com)

স্মারক নং- ৩৭.০২.৯১০০.০০০.০০.০০০.২১. ২২১৪

তারিখ: ২৯/০৫/২০২২ খ্রি.

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় জেলা পর্যায়ে নায়েম পরিচালিত কৃতিভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (পিবিএম) বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।

সূত্র: ৩৭.০৪.২৬৬৩.৪০২.০৬.০২০.১৬/পার্ট-২/৯৩; তারিখ: ১০/৫/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্কুল ও স্কুল এন্ড কলেজ এর প্রতিষ্ঠান প্রধান ও সহকারী শিক্ষকগণ আগামী ৩১/০৫/২০২২ হতে রাজা গিরিশ চন্দ্র মাধ্যমিক বিদ্যালয়, বন্দরবাজার, সিলেট -এ কৃতিভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (পিবিএম) বিষয়ক ০৩ দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। উক্ত প্রশিক্ষণ প্রতিদিন সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে। প্রশিক্ষণে তাঁর উপজেলা হতে মনোনীত নিম্নোক্ত সংখ্যক প্রশিক্ষণার্থীদের তালিকা (Nikosh font) আগামীকাল ৩০/৫/২০২২ তারিখ বেলা ৩:০০ ঘটিকার মধ্যে প্রেরণ এবং উপস্থিতি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

#### শর্তাবলী:

- এমপিওভুক্ত শিক্ষকগণকে অগ্রাধিকার দিতে হবে।
- এনটিআরসিএ এর মাধ্যমে নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে।
- অংশগ্রহণকারীগণ প্রতিষ্ঠান প্রধানের রেজিস্টার এবং সহকারী শিক্ষকগণের শিক্ষক ডায়েরি'সহ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন।
- অংশগ্রহণকারী শিক্ষককে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র, NID এর ফটোকপি ও কোভিড-১৯ টিকা গ্রহণের সনদ জমা দিতে হবে।
- খন্ডকালীন শিক্ষক ও কলেজ- মাদ্রাসা পর্যায়ের শিক্ষকদের মনোনয়ন দেয়া যাবে না।
- ইতিপূর্বে এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীকে কোনভাবেই পুনরায় মনোনয়ন দেয়া যাবে না।

#### তালিকা


ব্যাচ নং	তারিখ	সদর	জৈন্তাপুর	বিয়ানীবাজার	বালাগঞ্জ	বিশ্বনাথ	দক্ষিণ সুরমা
১ম	৩১/০৫/২০২২- ০২/০৬/২০২২	২০ জন	১০ জন	১৫ জন	১০ জন	২০ জন	১৫ জন

প্রাপক:

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

(সদর/জৈন্তাপুর/বিয়ানীবাজার/বালাগঞ্জ/বিশ্বনাথ/দক্ষিণসুরমা)

সিলেট।

  
২৯/০৫/২০২২  
(আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াদুদ)  
জেলা শিক্ষা অফিসার  
সিলেট।

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

১। প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, শিক্ষা ভবন, ঢাকা।

২। উপজেলা একাডেমিক সুপারভাইজার (সদর/জৈন্তাপুর/বিয়ানীবাজার/বালাগঞ্জ/বিশ্বনাথ/দক্ষিণ সুরমা), সিলেট।

৩। সংরক্ষণ নথি।